

## **Notice**

**26/01/2022**

All eligible students are asked to apply for the Swami Vivekananda Merit-Cum-Means (SVMCM) Scholarship on 27.1.2022 and 28.1.2022 and onwards through the portal

<https://banglaruchchashiksha.wb.gov.in>

Students who passed their H.S. or equivalent examination in 2021 with 60 per cent aggregate marks are eligible for the scholarship. If you have queries, please see the West Bengal government's message below or contact Birpara College office.

প্রিয় ছাত্রছাত্রী,

প্রতিবারের মত এবারেও (২০২১-২০২২ আর্থিক বর্ষে) পশ্চিমবঙ্গ সরকারের স্বামী বিবেকানন্দ মেরিট কাম মিস স্কলারশিপ স্কিমে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে। এখনও যারা আবেদন করেনি, এখনই <https://banglaruchchashiksha.wb.gov.in> পোর্টালে SVMCM বোতাম টিপে লগ করে আবেদন করো।

আয়ের উর্ধ্বসীমা

পারিবারিক আয় বছরে ২,৫০,০০০টাকা বা তার কম হতে হবে (ব্যতিক্রম: কন্যাশ্রী সুবিধাভোগী এবং নন নেট এম.ফিল., নন-নেট পি.এইচ.ডি. এবং নেট এল এস পি এইচ ডি ছাত্র-ছাত্রীরা)

তথ্য আপলোড করো

১। মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশিট

২। শেষ বোর্ড/ কাউন্সিল/ কলেজ/ বিশ্ববিদ্যালয় পরীক্ষার মার্কশিট

৩। পারিবারিক আয়ের সংশাপত্র বা জয়েন্ট বিডিও/ বিডিও (গ্রামীণ এলাকায়)/ এক্সিকিউটিভ অফিসার(মিউনিসিপ্যালিটি)/ ডেপুটি কমিশনার(কর্পোরেশন)/ গ্রুপ-এ গেজেটেড অফিসার দ্বারা প্রদত্ত (কন্যাশ্রী আবেদনকারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়) হতে হবে

৪। বসবাসের সার্টিফিকেট হিসেবে আধার আই ডি/ ভোটার আই ডি/ রেশন কার্ড/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত শংসাপত্র

৫। কার্যকরী চালু একাউন্ট নম্বর এবং আই.এফ.এস. কোড সহ পাস বইয়ের প্রথম পাতার স্ক্যান কপি।

৬। ভর্তির রসিদ

স্কলারশিপের হার

কোর্স/প্রোগ্রাম	যোগ্যতার জন্য শেষ কোয়ালিফাইং পরীক্ষার নম্বর	মাসিক হার (টাকায়)
উচ্চ মাধ্যমিক	৬০%	১০০০
স্নাতক স্তর(কলা)		১০০০
স্নাতক স্তর(বাণিজ্য)		১০০০
স্নাতক স্তর(বিজ্ঞান)		১৫০০
স্নাতক স্তর(অন্যান্য ইউজিসি অনুমোদিত পেশাদারি কোর্স)		১৫০০
স্নাতকোত্তর স্তর(কলা)	এসভিএমসিএমেস - এর জন্য ৫৩%, কে-৩ আবেদনকারীর জন্য ৪৫%	২০০০
স্নাতকোত্তর স্তর (বাণিজ্য)		২০০০
স্নাতকোত্তর স্তর (বিজ্ঞান)		২৫০০
স্নাতকোত্তর স্তর (পেশাদারি কোর্স)		২৫০০
নন-নেট এম.ফিল./ নন-নেট পি.এইচ.ডি. এবং নেট এল এস পি এইচ ডি		যথাক্রমে ৫০০০ ও ৮০০০
স্নাতক(ইঞ্জিনিয়ারিং), স্নাতকোত্তর(ইঞ্জিনিয়ারিং এবং এ আই সি টি ই অনুমোদিত পেশাদারি কোর্স)	স্নাতক: ৬০% স্নাতকোত্তর: রাজ্যের যে কোনও বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গে এ আই সি টি ই অনুমোদিত ইন্সটিটিউট থেকে স্নাতকে ৫৫%	৫০০০
পলিটেকনিক	৬০%	১৫০০
স্নাতক স্তর (মেডিকাল ডিগ্রি) এবং ডিপ্লোমা কোর্স	৬০%	৫০০০ এবং ১৫০০ যথাক্রমে

হেল্পলাইন: ১৮০০-১০২-৮০১৪। e-mail: [helpdesk.svmcm-wb@gov.in](mailto:helpdesk.svmcm-wb@gov.in)

উচ্চশিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার